# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৭৮

৩১/ চিকিৎসা (كتاب الطب عن رسول اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ তাবীয লটকানো মাকরূহ।

## باب ما جاء في كراهية التعليق

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَدُّويَهْ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ عِيسَى، أَخِيهِ قَالَ دَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ أَبِي مَعْبَدٍ الْجُهَنِيِّ أَعُودُهُ وَبِهِ حُمْرَةٌ فَقُلْنَا أَلاَ تُعَلِّقُ شَيْئًا قَالَ الْمَوْتُ أَقْرَبُ مِنْ ذَلِكَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " مَنْ تَعَلَّقَ شَيْئًا وُكِلَ إِلَيْهِ " . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى . وَعَبْدُ اللَّهِ بْنُ عُكَيْمٍ لَمْ يَسْمَعْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَكَانَ فِي زَمَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم يَقُولُ كَتَبَ إِلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ .

বাংলা

২০৭৮. মুহাম্মদ ইবন মাদ্দুওয়াহ (রহঃ) ... ঈসা, ইনি হলেন ইবন আবদুর রহমান ইবন আবী লায়লা (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি আবদুল্লাহ ইবন উকায়ম আবূ মা’বাদ জুহানী (রহঃ)-কে দেখতে গেলাম। তিনি বিষাক্ত ফোঁড়ায় আক্রান্ত ছিলেন। ~~বললামঃ কোন তাবীয লটকিয়ে নিলেন না?~~ বললামঃ কিছু ঝুলাচ্ছেন না কেন? তিনি বললেনঃ মৃত্যু তো এর চেয়েও নিকটে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি কিছু লটকায় তবে তাকে সে দিকেই সোপর্দ করে দেওয়া হয়। সহিহ, গায়াতুল মারাম (২৯৭), তিরমিজী হাদিস নম্বরঃ ২০৭২ [আল মাদানী প্রকাশনী]

ইবন আবূ লায়রা (রহঃ)-এর বরাতেই কেবল আবদুল্লাহ ইবন উকায়মের এই রিওয়ায়াতটি সম্পর্কে আমরা জানি। মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ... ইবন আবূ লায়লা (রহঃ) থেকে উক্ত মর্মে অনুরূপ বর্ণত আছে। এই বিষয়ে উকবা ইবন আমির রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

লাল মার্ক করা অংশের অনুবাদে সঠিক না হবার কারনে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

## English

"'Eisa Ibn 'Abdur-Raman bin Abi Laila said:
"I entered upon 'Abdullah bin 'Ukaim Abu Mabad Al-Juhani to visit him, while he had Humrah. I said:'Why don't you hang something?' He said: 'Death is better than that. The Prophet (S.A.W) said: "Whoever hangs something, he is entrusted to it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ লাইলা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37432

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন